



“শিল্পে প্রাকৃতিক গ্যাস  
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০১২.৪৫.০০০১.২৬/ ৩ ৪০

তারিখ: ০৪ মার্চ ২০২৬

### অফিস আদেশ


মন্ত্রিপরিষদ বিভাগের পত্র স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১১.৯৯.০০০৩.১৭.৮২, তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ এর নির্দেশনা এবং সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সচিবালয় নির্দেশমালা, ২০২৪-এর ৮৬ সংখ্যক নির্দেশ মোতাবেক বাপেক্সের দাপ্তরিক শৃঙ্খলা সমুন্নত রাখা ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়সহ অন্যান্য স্থাপনায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯.০০ ঘটিকার মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- (খ) অফিস সময় শেষ হওয়ার পূর্বে (পবিত্র মাহে রমজান উপলক্ষে বিকাল ৩.৩০ মিনিট এবং রমজান পরবর্তী সময় বিকাল ৫.০০ মিনিটের পূর্বে) কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না;
- (গ) অফিস চলাকালীন দাপ্তরিক বা ব্যক্তিগত জরুরি প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার পূর্বানুমতি গ্রহণপূর্বক কর্মস্থল ত্যাগ করতে হবে।

কোন কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকলে, অফিস শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ করলে অথবা বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে বিধি অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালনের বিষয়টি স্ব-স্ব বিভাগ/উপবিভাগ/প্রকল্প প্রধানগণ তদারকি করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(শ্রেষ্ঠ আসাদ উল্লাহ)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

#### বিতরণ:

- ১। মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক.....বাপেক্স।
- ২। উপমহাব্যবস্থাপক (আইসিটি এন্ড এমআইএস), বাপেক্স, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
- ৩। ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস কপি।